দৈনিক ইত্তেফাক

066

# ৪টি পরীক্ষা কেন্দ্রে গুলী
# নিহত ১॥ বহু আহত

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (মঙ্গলবার) দেশের বিভিন্ন কেন্দ্রে এস এস সি পরীক্ষা চলাকালে ব্যাপক হাঙ্গামা হয়। ভালুকা, সিরাজগঞ্জ, মেহেন্দীগঞ্জ ও গাজীপুরে নকল সরবরাহকারীদের নিবৃত্ত করিতে পুলিশ গুলীবর্ষণ করে। ভালুকায় গুলীতে ১ জন নিহত হয়। বিভিন্ন স্থানে হাঙ্গামায় পুলিশসহ ৩ শতাধিক আহত হইয়াছে। গতকাল মোট ৬১৮ পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। ২৩ জন পরিদর্শককেও বহিষ্কার

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)



গতকাল জিনজিরা কেন্দ্রে একজন পরীক্ষার্থীর দেহ তল্লাশী করিয়া 'নকলের পুটলি' বাহির করা হয় —ইত্তেফাক

## সরলে গরল

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (মঙ্গলবার) ছিল এস, এস, সি অংক পরীক্ষা। প্রশ্নপত্রের

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## সরলে গরল

(১ম পৃঃ পর)

প্রথমেই একটি সরল অংক লইয়া ছাত্র-ছাত্রীরা বিপাকে পড়ে। গতকাল এই প্রশ্নপত্রের দুইটি কপি আমাদের হস্তগত হয়। একই কেন্দ্র হইতে প্রাপ্ত প্রশ্নপত্র দুইটির একটির সরল অংকে শুধু প্রথম সারিতে বন্ধনী রহিয়াছে আর অন্যটিতে উপরে, নীচে দুই সারিতেই বন্ধনী স্থান পাইয়াছে। অবিশ্বাস্য হইলেও পাশাপাশি বসিয়া পরীক্ষা দেওয়া ছাত্র-ছাত্রীরা এই দুই ধরনের সরলের গোলক ধাঁধায় পড়িয়া গতকাল পরীক্ষার হলে সত্যের অন্বেষণে গলদঘর্ম হইয়া যায়। স্বয়ং পরীক্ষকবৃন্দ এমনকি কর্তৃপক্ষও ইহার কোন জবাব দিতে পারেন নাই। এদিকে চেহারাগত পার্থক্যের কারণে অংকটির ফলাফল স্বভাবতঃই ভিন্ন হইবে বিধায় আশঙ্কা প্রকাশ করিয়া অনেক পরীক্ষার্থী, অভিভাবক গতকাল ইত্তেফাকে আসিয়া, কেহবা ফোনে জানিতে চাহিয়াছেন : সঠিক অংক কোন্‌টি ?

---

দৈনিক ইত্তেফাক



## পরীক্ষা কেন্দ্রে গুলী

(১ম পৃঃ পর)

করা হয়। নকল সরবরাহের অভিযোগে ৩১ জনকে গ্রেফতার করা হইয়াছে।

ঢাকা ছাড়া দেশের অন্যান্য অঞ্চলের কেন্দ্রে ব্যাপক নকলবাজির খবর পাওয়া গিয়াছে। রাজধানীর নিকটে জিঞ্জিরা পিএম পাইলট হাইস্কুল কেন্দ্রে গতকাল অবাধে নকল হয়। প্রভাবশালী কিছু লোক এখানে নকল সরবরাহে সহযোগিতা করে। তাহারা কেন্দ্রের ভিতরে অবস্থান গ্রহণ করে এবং সংবাদপত্রের জন্য ছবি সংগ্রহে বাধা সৃষ্টি করে।

আমাদের প্রতিনিধি ও সংবাদদাতাগণ জানান :

নারায়ণগঞ্জ : পুলিশের সহিত নকল সরবরাহকারীদের সংঘর্ষে ১ জন দারোগা আহত হয়।

ময়মনসিংহ : ভালুকা পাইলট হাইস্কুল কেন্দ্রে পুলিশ নকল সরবরাহে বাধা দিলে উচ্ছৃঙ্খল লোকজন পুলিশের প্রতি ইট-পাটকেল নিক্ষেপ শুরু করে। ফলে পুলিশ প্রথমে ১৪ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ ও পরে ৪০ রাউণ্ড গুলীবর্ষণ করে। গুলীবিদ্ধ হইয়া ঘটনাস্থলেই বজলুর রশীদ (১৮) নামে এক তরুণ মৃত্যুবরণ করে। আহত ৭ জনকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ও ১ জনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। আহতদের মধ্যে একজন ম্যাজিষ্ট্রেট এবং ৩৮ জন পুলিশ ও আনসার রহিয়াছে। এই কেন্দ্রে ১৫ জনকে বহিষ্কার করা হয়।

সিরাজগঞ্জ : নকল সরবরাহকারীদের সহিত পুলিশের সংঘর্ষে ৪০ জন পুলিশ ও ৩০ জন বহিরাগত আহত হয়। পুলিশ এখানে ১৭ রাউণ্ড টিয়ার গ্যাস নিক্ষেপ করে ও ২ রাউণ্ড গুলীবর্ষণ করে। ৬ জনকে গ্রেফতার করা হইয়াছে।

বরিশাল : মেহেন্দীগঞ্জ কেন্দ্রে পুলিশের গুলীবর্ষণ ও লাঠিচার্জে ১২ ব্যক্তি আহত হয়। পরীক্ষা শেষে পরীক্ষার্থীরা আরও আধঘন্টা অতিরিক্ত সময় দাবী করিলে কর্তব্যরত ম্যাজিষ্ট্রেট উহা নাকচ করিয়া দেন। এ সময়ে কেন্দ্রের বাহিরে অবস্থানরত লোকজন ইট-পাটকেল নিক্ষেপ শুরু করিলে পুলিশ প্রথমে লাঠিচার্জ ও পরে গুলীবর্ষণ করে।

কুমিল্লা : জেলা স্কুল কেন্দ্রে কর্তব্যরত ম্যাজিষ্ট্রেট নকল সরবরাহে বাধা দিলে উচ্ছৃঙ্খল লোকজন তাঁহার প্রতি ইট-পাটকেল নিক্ষেপ করে ও তাহার গাড়ীতে ভাঙচুর চালায়।

লক্ষ্মীপুরে ৩ জন, দোবঘাটে ৫ জন, দাউদকান্দিতে ১ জন গোপালগঞ্জে ১ জন, মুরাদনগরে ২ জন, মীর্জাগঞ্জে ৭ জন ও মেহেন্দীগঞ্জে ২ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়।

### গ্রেফতার

নকল সরবরাহের অভিযোগে গতকাল বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে ২২ জনকে গ্রেফতার করা হয়। তন্মধ্যে বরুড়া কেন্দ্রে ১ জন, চান্দিনায় ৩ জন, মুরাদনগরে ২ জন, সিরাজগঞ্জে ৬ জন, রাজশাহীতে ৪ জন, রূপগঞ্জে ১ জন, নারায়ণগঞ্জে ৪ জন, মুন্সিগঞ্জে ১ জন ও রাজবাড়ীতে ১০ জনকে গ্রেফতার করা হয়।

### বহিষ্কার

নরসিংদীতে ৪৫ জন, জয়পুরহাটে ১৮ জন, জামালপুরে ১৯ জন, ভৈরবে ৮ জন, মুন্সিগঞ্জে ৩৮ জন, রাজবাড়ীতে ১৯ জন, ধামরাইয়ে ৩ জন, কাপাসিয়ায় ১ জন, মনোহরদীতে ১ জন, হাতিরদিয়া ৯ জন, সাভারে ৫ জন, সিরাজগঞ্জে ৫১ জন, নারায়ণগঞ্জে ১৭ জন, লক্ষ্মীপুরে ৫৪ জন, বরুড়ায় ৮ জন, বুড়িচং-এ ১ জন, দাউদকান্দিতে ৩ জন, মুরাদনগরে ১ জন, হোমনায় ৩ জন, গৌরীপুরে ২২ জন, ফরিদগঞ্জ ৪ জন, ব্রাহ্মণবাড়ীয়ায় ৩ জন, চৌমুহনী ১৮ জন, ফেনীতে ৪ জন, চট্টগ্রাম ২৬ জন, চাঁদপুরে ৮ জন, মীর্জাগঞ্জে ৫০ জন, ভালুকায় ১৫ জন, মেহেদীগঞ্জে ৪০ জন, রাজশাহীতে ৯৩ জন ও গোপালগঞ্জে ১২ জনকে বহিষ্কার করা হয়। এ সকল সংবাদ আমাদের সংবাদদাতাগণ পরিবেশিত।

মুন্সীগঞ্জ : গতকাল এবিজেএম সরকারী বালিকা বিদ্যালয় কেন্দ্রে ১টি এবং একে সরকারী বিদ্যালয়ে ২টি ককটেল বিস্ফোরিত হয়।

গাজীপুর : শ্রীপুর উপজেলা পরীক্ষা কেন্দ্রে বিপুলসংখ্যক বহিরাগত নকল সরবরাহের চেষ্টা করিলে পুলিশ তাহাদের বাধা দেয়। একপর্যায়ে বিশৃঙ্খল বহিরাগতরা পরীক্ষা কেন্দ্রে ঢুকিয়া পড়ে। এইসময় কর্তব্যরত ম্যাজিষ্ট্রেটের অনুমতিক্রমে পুলিশ ৯ রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করে। কেহ হতাহত হয় নাই।

কক্সবাজার : গতকাল এখানের অংক পরীক্ষার প্রশ্নপত্রের ফটোকপি প্রকাশ্যে বিক্রয় হয়। একদল ছাত্র পরীক্ষা শুরুর আগে 'নির্বাচন যেভাবে পরীক্ষা হবে সেভাবে' শ্লোগান দেয়।

### চট্টগ্রামে অগ্নিসংযোগ ॥ ভাংচুর

চট্টগ্রাম : বহিষ্কারের প্রতিবাদে একদল উচ্ছৃংখল ছাত্র গতকাল এখানকার একটি কেন্দ্রে অগ্নিসংযোগ এবং অপর ২টি কেন্দ্রে ভাংচুর করে। ক্ষয়ক্ষতির পরিমাণ ২০ লক্ষ টাকা। গতকালের পরীক্ষা শেষে বহিষ্কৃত পরীক্ষার্থীরা একদল উচ্ছৃংখল সহযোগী লইয়া আন্দরকিল্লা এম,ই,এস হাইস্কুল কেন্দ্রে আগুন ধরাইয়া দেয়। ফলে স্কুলের দশলক্ষ টাকার সম্পদ ভস্মীভূত হয় বলিয়া স্কুলের প্রধান শিক্ষক জানান। পরে তাহারা স্থানীয় কলেজিয়েট হাইস্কুল ও ব্যাংক কলোনী হাইস্কুল কেন্দ্রে ব্যাপক ভংচুর করে। তাহারা কলেজিয়েট হাইস্কুলের শতাধিক বৈদ্যুতিক পাখা দুমড়াইয়া মুচড়াইয়া ফেলে। বাসস জানায়, এ ব্যাপার ৮ জনকে গ্রেফতার করা হইয়াছে। উপরোল্লিখিত তিনটি কেন্দ্র হইতে গতকাল ২৬ জনকে বহিষ্কার করা হয়।

### পরিদর্শক বহিষ্কার

গতকাল বিভিন্ন পরীক্ষা কেন্দ্র হইতে ২৩ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়। মীর্জাগঞ্জে ১ জন পরিদর্শককে গ্রেফতার করিয়া জেল হাজতে প্রেরণ করা হইয়াছে। অপর একজন পরিদর্শক পলাতক। এই দুইজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে।